



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।



নং-কুসক-২০২২/১৬২

তারিখঃ ২৪/০৫/২০২২

ঃ বিজ্ঞপ্তি ঃ

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রাথমিক আবেদন ফরম জমা।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Honours tab এর Apply Now (Honours) অপশনে ক্লিক করে প্রাথমিক আবেদন ফরম পূরণ করে A4 আকারের কাগজে প্রিন্ট করতে হবে। নিম্নোক্ত তারিখের মধ্যে উক্ত প্রিন্ট করা ফরম এবং শিওর ক্যাশে KUGCA কোড ব্যবহার করে ২৫০/= (দুইশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে তার নাম্বার ও প্রয়োজনীয় কাগজপত্র (এইচ.এস.সি ও এস.এস.সি এর ট্রান্সক্রিপ্টের ফটোকপি এবং এইচ.এস.সি এর রেজিস্ট্রেশনের ফটোকপি) সহ নিম্নোক্ত কাউন্টারে স্বহস্তে জমা দিয়ে স্বাক্ষরিত রিসিভ কপি সংগ্রহ করতে হবে।

অন-লাইন হতে ডাউনলোডকৃত ভর্তির প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার স্থান
নিম্নরূপঃ-

ক্রমিক নং	শাখার নাম	প্রাথমিক আবেদন ফরম জমাদানের স্থান	তারিখ	সময়
০১.	মানবিক শাখা	কলেজ লাইব্রেরী ভবন	২৩/০৫/২০২২-০৯/০৬/২০২২ (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতীত)	সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত।
০২.	ব্যবসায় শিক্ষা শাখা	কলেজ লাইব্রেরী ভবন		
০৩.	বিজ্ঞান শাখা	কলেজ লাইব্রেরী ভবন		

প্রতিস্বাক্ষর

২৪/০৫/২০২২
অধ্যক্ষ


কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

আহবায়ক

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি-২০২১-২০২২
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ ভর্তি ফরম জমা দেয়ার
সময় আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্রসহ অনুসরণীয়
নিয়মাবলীর বিবরণঃ

- * আবেদনকারীকে প্রিন্ট করা চূড়ান্ত ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে।
- * আবেদন ফরমের সংগে আবেদনকারীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি;
- * প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা **শিওর ক্যাশে** জমা দিয়ে জমার রশিদ আবেদন ফরমের সংগে স্ট্যাপলার পিন দ্বারা সংযুক্ত করে আবেদন ফরমের উপরের অংশে মোবাইল ও পিন নম্বর এবং টাকা জমার নাম্বার অপর পৃষ্ঠায় চালু/সচল শুধু মোবাইল নম্বর (আবেদনকারীর নিজের/অভিভাবকের) লিখিতে হবে;
- * চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরত দিবে সে কপি অবশ্যই সংগ্রহ করতে হবে।
- * কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে। প্রাথমিক আবেদন নিশ্চয়ন ব্যতীত কোন প্রার্থীই ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না। কলেজে আবেদন পত্র জমা দেয়ার পরে প্রার্থী তার মোবাইল ফোনে SMS না পেলে বুঝাতে হবে যে তার আবেদন ফরম কলেজ কর্তৃক নিশ্চয়ন করা হয়নি। এক্ষেত্রে প্রার্থীকে কলেজে নির্ধারিত সময়ের মধ্যে যোগাযোগ করতে হবে।
- * দ্বৈত ভর্তি বাতিল সম্পর্কিত জ্ঞাতব্য
২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন প্রার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত প্রাইভেট কোর্সে ভর্তি হয়ে থাকলে (রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্ত) তাকে অবশ্যই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে এ শিক্ষাবর্ষে ভর্তি হতে হবে।


আহবায়ক

২০২১-২০২২ অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।